

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৩২৮ ফ্যাক্স : ০৮১-৭৬৪৩৮ ই-মেইল: comillaboard@gmail.com


নং : ৬২৫/২০১৭

তারিখ : ২৭ ডিসেম্বর ২০১৭

বিজ্ঞপ্তি

বাংলাদেশ আন্তঃ শিক্ষাবোর্ড সমন্বয় সাব-কমিটির ২৬ ডিসেম্বর ২০১৭ তারিখের পত্র নং: আশিবো/প্রশাঃ/২০১০/১১৩ মোতাবেক কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষক, স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ, জেএসসি পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র সচিব এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৭ সালের জেএসসি পরীক্ষার ফল আগামী ৩০ ডিসেম্বর ২০১৭ তারিখ বেলা ২.৩০ টায় প্রকাশ করা হবে। সংশ্লিষ্ট সকলকে নিম্নবর্ণিত উপায়ে ফল সংগ্রহ এবং পুনঃ নিরীক্ষণের আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

১. বোর্ড হতে ফলের হার্ডকপি সরবরাহ করা হবে না। কুমিল্লা শিক্ষাবোর্ডের ওয়েবসাইট www.comillaboard.gov.bd এর জেএসসি কর্নারে জেএসসি ২০১৭ ফলাফল (প্রতিষ্ঠান ভিত্তিক)-এ ক্লিক করে শিক্ষা প্রতিষ্ঠানের EIIN এন্ট্রি করে স্ব স্ব প্রতিষ্ঠান Result sheet download/Print করতে পারবে।
২. mail.educationboard.gov.bd ওয়েবসাইটে ক্লিক করে বোর্ড ও প্রতিষ্ঠানের EIIN এর মাধ্যমে প্রতিষ্ঠানভিত্তিক Result sheet print/download করতে পারবে।
৩. পরীক্ষার্থীদের পরীক্ষার ফল স্ব স্ব কেন্দ্র/শিক্ষা প্রতিষ্ঠান হতে সংগ্রহ করার পরামর্শ দেয়া হলো।
৪. পরীক্ষার্থীগণ সমন্বিত শিক্ষাবোর্ডসমূহের ওয়েবসাইট : www.educationboardresults.gov.bd এবং সংশ্লিষ্ট বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে ফল সংগ্রহ করতে পারবে।
৫. পুনঃ নিরীক্ষণের জন্য SMS এর মাধ্যমে ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখ থেকে ০৬ জানুয়ারি ২০১৮ তারিখ পর্যন্ত আবেদন গ্রহণ করা হবে। আবেদন পদ্ধতি টেলিটক বাংলাদেশ লিঃ প্রদত্ত বিজ্ঞপ্তির মাধ্যমে জানা যাবে।
৬. উল্লেখ্য শিক্ষাবোর্ড, শিক্ষা মন্ত্রণালয় বা পত্রিকা অফিসে কোন ফল পাওয়া যাবে না।
৭. নির্ধারিত Short Code: 16222 এ SMS এর মাধ্যমে ফল প্রাপ্তির পদ্ধতি টেলিটক বাংলাদেশ লিঃ প্রদত্ত বিজ্ঞপ্তির মাধ্যমে জানা যাবে।


(কায়সার আহমেদ) ২৭.১২.১৭

পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
কুমিল্লা


কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন সকল বিদ্যালয়/স্কুল এন্ড কলেজের প্রধান
ও অনুমোদিত জেএসসি পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র সচিব

স্মারক নং : প-গো/জেএসসি/২০১৭/৬২৫(১০০)

তারিখ : ২৭ ডিসেম্বর ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. যুগ্ম-সচিব (মাধ্যমিক), শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. জেলা প্রশাসক, কুমিল্লা/চাঁদপুর/ব্রাহ্মণবাড়ীয়া/নোয়াখালী/ফেনী/লক্ষ্মীপুর
৪. উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন সকল জেলা
৫. সংরক্ষণ নথি


(কায়সার আহমেদ) ২৭.১২.১৭

পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
কুমিল্লা